মাসিক বুলেটিন

# মাদকমুক্ত সুস্থ জীবন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন | সংখ্যা ঃ ৮৯ | বর্ষঃ ১১ | জুলাই ২০১৬

## মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উদ্‌যাপিত




*গত ২৮ জুন ২০১৬ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বরাষ্ট্রমন্ত্রী **জনাব আসাদুজ্জামান খাঁন, এমপি***

১৯৮৮ সাল থেকে ২৬ জুন জাতিসংঘ ঘোষিত 'মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস' পালিত হচ্ছে। এ বছর দিবসের প্রতিপাদ্য হলো- Listen FIRST : Listening to Children & Youth is the First Step to help them grow healthy & Safe (আগে শুনুন : শিশু ও যুবাদের প্রতি মনোযোগ দেয়াই হ'ল তাদের নিরাপদ বেড়ে উঠার প্রথম পদক্ষেপ)

সারাবিশ্বের ন্যায় বাংলাদেশেও ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জাতীয় ও জেলা পর্যায়ের জন্য কর্মসূচী প্রণয়ন করা হয়। জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচী অধিদপ্তরের প্রধান কার্যালয় কর্তৃক এবং ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাসহ ৬৪টি জেলায় দিবসটি উদ্‌যাপন করা হয়।

জাতীয় পর্যায়ের প্রধান কর্মসূচি আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানটি অনিবার্য কারণে ২৬ জুন ২০১৬ তারিখের পরিবর্তে ২৮ জুন ২০১৬ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব **আসাদুজ্জামান খাঁন এমপি**, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি **জনাব টিপু মুনশি** এমপি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব **ড. মোজাম্মেল হক খান** অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক **জনাব খন্দকার রাকিবুর রহমান**। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, মাদকের বিরুদ্ধে সরকার জিরো টলারেন্স ঘোষণা করেছেন। সুতরাং মাদকের সাথে যাদের সম্পৃক্ততা থাকবে তাদের কাউকেই ছাড় দেয়া হবে না। বিশেষ অতিথি জনাব টিপু মুন্‌শি এমপি বলেন মাদক সমস্যার সমাধান সরকারের একার পক্ষে সম্ভব নয়। এজন্য সকলকে যার যার অবস্থান থেকে ভূমিকা করতে হবে। অনুষ্ঠানের সভাপতি জনাব খন্দকার রাকিবুর রহমান বলেন, মাদক নিয়ন্ত্রণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নিরলশভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, জানুয়ারি মাসে দেশব্যাপী মাদকবিরোধী অভিযান ও প্রচারণা জোরদার করা হয়েছে। তিনি আরও বলেন সরকারি-বেসরকারি সকলের সক্রিয় সহযোগিতা ছাড়া মাদক নিয়ন্ত্রণ সম্ভব নয়। অনুষ্ঠানে জানুয়ারি মাসে দেশব্যাপী পালিত অনুষ্ঠানমালা ভিডিও চিত্রের মাধ্যমে উপস্থাপন করা হয়। উক্ত আলোচসা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারিগণসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়ের কর্মকর্তা, ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থী, শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা এবং এনজিও প্রতিনিধিসহ সমাজের বিভিন্ন স্তরের ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



*গত ২৮ জুন ২০১৬ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে স্থাপিত স্টল পরিদর্শন করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব **খন্দকার রাকিবুর রহমান***

### গোলটেবিল বৈঠক অনুষ্ঠান



*গত ২৫ জুন ২০১৬ তারিখে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে ঢাকা ক্লাবে আয়োজিত গোলটেবিল বৈঠকে আমন্ত্রিত অতিথিবৃন্দ*

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন উপলক্ষে গত ২৫ জুন ২০১৬ তারিখে ঢাকা ক্লাবে একটি গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত গোলটেবিল বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। গোল টেবিল বৈঠকে আলোচক হিসেবে সাবেক মন্ত্রী শেখ শহিদুল ইসলাম, অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন, গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী, মাদকবিরোধী সংগঠন মানস এর প্রতিষ্ঠাতা সভাপতি ডা. অরূপ রতন চৌধুরী, সাবেক এমপি মেজর (অবঃ) আক্তারুজ্জামান, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সম্পাদক অ্যাডভোকেট শ ম রেজাউল করিম প্রমুখ অংশগ্রহণ করেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান উক্ত গোল টেবিল বৈঠকে সভাপতিত্ব করেন। স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয় বলেন সরকারের একার পক্ষে মাদক নিয়ন্ত্রণ সম্ভব নয়। মাদকের বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বলেন, মাদক নিয়ন্ত্রণে অধিদপ্তর সাধ্যানুযায়ী কাজ করে যাচ্ছে। তিনি আরও বলেন, দেশকে মাদকমুক্ত করতে সরকারি বেসরকারি সকলের সক্রিয় সহযোগিতা প্রয়োজন।

## প্রেস কনফারেন্স অনুষ্ঠিত

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষ্যে গত ২৭ জুন ২০১৬ তারিখ অপরাহ্নে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে একটি প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত প্রেস কনফারেন্সে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালকসহ মাদকদ্রব্য এবারই নিয়ন্ত্রণ অধিদপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অধিদপ্তর হতে এবারই প্রথম মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর প্রেস কনফারেন্স আয়োজন করা হয়।

## টেলিভিশনে টকশো প্রচার

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০১৬ উদ্‌যাপন উপলক্ষে ঐদিন বাংলাদেশ টেলিভিশনে প্রচারের নিমিত্ত ২৩/০৬/২০১৬ তারিখ রাত ০৯.০০ টায় একটি টকশো রেকর্ডিং করা হয়। উক্ত টকশোতে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক অংশগ্রহণ করেন।

## জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত অন্যান্য কর্মসূচি

জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল দিবসটির তাৎপর্য তুলে ধরে ০৭টি বাংলা ও ০৪টি ইংরেজি জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, স্যুভেনির ও বার্ষিক ড্রাগ রিপোর্ট প্রকাশ, লিফলেট, ফেস্টুন, পোস্টার তৈরি ও বিতরণ, সরকারি-বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে নিজস্ব ব্যবস্থাপনায় কর্মসূচি পালন, অধিদপ্তরের নিবন্ধিত বেসরকারি সংস্থাসহ মাদকবিরোধী কর্মকাণ্ডে সম্পৃক্ত অন্যান্য বেসরকারি সংস্থা কর্তৃক নিজ নিজ প্রতিষ্ঠানে কর্মসূচি পালন, বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য ইলেকট্রনিক মিডিয়ায় মাদকবিরোধী আলোচনা সভা ও টকশো আয়োজন, মাদকবিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান, ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ সড়কদ্বীপ সজ্জিতকরণ, বাংলাদেশ বেতারে মাদকবিরোধী কথিকা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন, যানবাহনে মাদকবিরোধী স্টিকার লাগানো ও দিবসের প্রতিপাদ্য মোবাইল ফোনে মেসেজের মাধ্যমে প্রচার বিশেষভাবে উল্লেখযোগ্য।

## সারাদেশে ২৬ জুন উদ্‌যাপন

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০১৬ এর কর্মসূচিসমূহ সারাদেশে স্থানীয় প্রশাসন ও শিক্ষাপ্রতিষ্ঠানের সহযোগিতায় বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া উক্ত কর্মসূচিতে মাননীয় সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, স্থানীয় জনপ্রতিনিধিসহ সমাজের বিভিন্ন শ্রেণি ও পেশার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

## সেমিনার ও ইফতার মাহফিল অনুষ্ঠিত



গত ২০ জুন ২০১৬ তারিখ ঢাকা ক্লাবে অনুষ্ঠিত দেশে মাদকের বিস্তার প্রতিরোধে অধিদপ্তরের ভূমিকা শীর্ষক সেমিনার ও ইফতার মাহফিলে আমন্ত্রিত অতিথিবৃন্দ

গত ২০ জুন ২০১৬ তারিখ ঢাকা ক্লাবে দেশে মাদকের বিস্তার প্রতিরোধে অধিদপ্তরের ভূমিকা শীর্ষক একটি সেমিনার ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব ড. মোজাম্মেল হক খান। উক্ত অনুষ্ঠানে অধিদপ্তরের প্রাক্তন মহাপরিচালকগণসহ অধিদপ্তরের কর্মকর্তারা অংশগ্রহণ করেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে প্রথমবারের মত এ উদ্যোগ নেয়া হয়েছে।

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও প্রচারাভিযান

মাদকদ্রব্যের অপব্যবহারের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি এবং সামাজিক উদ্বুদ্ধকরণের মাধ্যমে দেশে মাদকের চাহিদা হ্রাসের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নিয়মিতভাবে গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে যেসব জনসচেতনতা সৃষ্টিমূলক কার্যক্রম পরিচালিত হয় তন্মধ্যে মাদকবিরোধী আলোচনা সভা, মাদকের কুফল সম্পর্কে শ্রেণিকক্ষে বক্তৃতা, মাদকবিরোধী পোস্টার/ স্টিকার/ লিফলেট বিতরণ, মাদকবিরোধী শর্টফিল্ম/ডকুমেন্টারী প্রদর্শন, সেমিনার ওয়ার্কসপ,


**মাদকমুক্ত সুস্থ জীবন** — মাসিক বুলেটিন

উপদেষ্টা : **খন্দকার রাকিবুর রহমান**
মহাপরিচালক

সম্পাদক : **নাজমুল আহসান মজুমদার**
পরিচালক (নিরোধ শিক্ষা)

সহ-সম্পাদক : **মোহাম্মদ রুহুল আমিন**
সহকারী পরিচালক (গ: ও প্র:)

সংখ্যা : ৮৯
বর্ষ : ১১ম
জুলাই : ২০১৬

সাইনবোর্ড/বিলবোর্ড লিখন/স্থাপন ও দেয়াল লিখন, বিভিন্ন অনুষ্ঠানে ফেস্টুন/ পোস্টার প্রদর্শন, স্থানীয় সরকারি প্রতিষ্ঠানকেন্দ্রিক কার্যক্রম, সংগঠন/ সমিতি/ ক্লাব/ ট্রেড ইউনিয়ন ভিত্তিক কার্যক্রম, সংস্থা/ NGO ভিত্তিক কার্যক্রম, ধর্মীয় প্রতিষ্ঠান ও ট্রেনিং সেন্টার ভিত্তিক কার্যক্রম ইত্যাদি উল্লেখযোগ্য। জুন'২০১৬ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের পরিসংখ্যান নিম্নরূপ :

| মাদকবিরোধী আলোচনা সভা | ১০২ টি |
|---|---|
| মাদকের কুফল সম্পর্কে শ্রেণিকক্ষে বক্তৃতা | ১১০ টি |
| মাদকবিরোধী পোষ্টার/ স্টিকার/ লিফলেট বিতরণ | ২৭৭ টি |
| মাদকবিরোধী শর্টফিল্ম/ডকুমেন্টারী প্রদর্শন | ৯১ টি |
| সেমিনার ওয়ার্কসপ | ৬৪ টি |
| সাইনবোর্ড/বিলবোর্ড লিখন/স্থাপন ও দেয়াল লিখন | ৬০ টি |
| বিভিন্ন অনুষ্ঠানে ফেস্টুন/ পোস্টার প্রদর্শন | ৬৪ টি |
| অপারেশন কালে উপস্থিত জনতার উদ্দেশ্যে বক্তৃতা | ১৭০ টি |
| স্থানীয় সরকারি প্রতিষ্ঠান কেন্দ্রিক কার্যক্রম | ২৫ টি |
| সংগঠন/সমিতি/কাব/ট্রেড ইউনিয়ন ভিত্তিক কার্যক্রম | ১৯ টি |
| সংস্থা/ NGO ভিত্তিক কার্যক্রম | ৪৩ টি |
| ধর্মীয় প্রতিষ্ঠান কেন্দ্রিক কার্যক্রম | ৫৩ টি |
| ট্রেনিং সেন্টার ভিত্তিক কার্যক্রম | ০২ টি |
| মোট | ১২৭৬ টি |

জুন/২০১৬ মাসে দেশব্যাপী মোট ১২৭৬টি মাদকবিরোধী গণসচেতনতা নিরোধ ও শিক্ষামূলক কার্যক্রম পরিচালিত হয়েছে। এ সময়ে শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণি বক্তৃতা হয়েছে ১১০ টি স্থানে।

## মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম

জুন/২০১৬ মাসে শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণিবক্তব্য দেয়া হয়েছে ১১০ টি বিদ্যালয়ে। ঢাকা, ফরিদপুর, যশোর, ঝিনাইদহ, রংপুর, পটুয়াখালী, গাজীপুর, টাঙ্গাইল, ফরিদপুর ও বগুড়া জেলার মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে মাদকবিরোধী মানববন্ধন, র‍্যালী, চিত্রাংকন প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী, লিফলেট বিতরণ ও আলোচনা অনুষ্ঠানের কয়েকটি সংবাদচিত্র :



গত ২০ জুন ২০১৬ তারিখ সিংহকুলি মাধ্যমিক বিদ্যালয়, যশোর, বিদ্যালয়ের মাঠে ছাত্র-ছাত্রীদের উদ্দেশে মাদকের কুফল সম্পর্কে বক্তৃতা করেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, যশোর এর কর্মকর্তাবৃন্দ





২৬ জুন ২০১৬ তারিখে ঝিনাইদহ জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে মানববন্ধন ও র‍্যালী, জেলা সদরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করা হয়



গত ২৬ জুন ২০১৬ তারিখে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মাদকবিরোধী চিত্রাংকন ও রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ঝিনাইদহের জেলা প্রশাসক





২৬ জুন ২০১৬ তারিখে গাজীপুর জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে মানববন্ধন ও র‍্যালী



গত ০৫ জুন ২০১৬ তারিখ পটুয়াখালী জেলায় কলাপাড়া বাজারে মাদকবিরোধী লিফলেট বিতরণ করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারীগণ



গত ১১ জুন ২০১৬ তারিখে ফরিদপুর জেলায় ভাঙ্গা পাইলট হাইস্কুল মাঠে শিক্ষার্থীদের মাঝে মাদকের কুফল সম্পর্কে আলোচনা করেন জনাব বিমল চন্দ্র বিশ্বাস, পরিদর্শক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ফরিদপুর



গত ১৩ জুন ২০১৬ তারিখ বোতলবুনিয়া স্কুল এন্ড কলেজ, পটুয়াখালী, ছাত্র-ছাত্রীদের মাঝে মাদকের কুফল সম্পর্কে আলোচনা করেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসের কর্মকর্তাবৃন্দ



২৬ জুন ২০১৬ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক তিনদিনব্যাপী ভ্রাম্যমান প্রচারণায় অংশ নিচ্ছেন ঢাকার পাবলিক প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ, সহযোগিতায় ছিল "শান্তনু এন্ড এসোসিয়েশন"




২৬ জুন ২০১৬ তারিখে সাভার, ঢাকা জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে মাদকবিরোধী সচেতনতামূলক র‍্যালী




২৬ জুন ২০১৬ তারিখে রংপুর জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে বেলুন উড়ানো হয়




২৬ জুন ২০১৬ তারিখে বগুড়া জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালী



গত ২২ জুন ২০১৬ তারিখ টাঙ্গাইল জেলায় শিশু একাডেমিতে চিত্রাংকন প্রতিযোগীতায় অংশগ্রহণকারী বিভিন্ন স্কুলের শিক্ষার্থীবৃন্দ



গত ২৬ জুন ২০১৬ তারিখ ধামরাই, ঢাকা, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব এম.এ. মালেক, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-২০




২৬ জুন ২০১৬ তারিখে ঢাকার কেরাণীগঞ্জ, উপজেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উপলক্ষ্যে মানববন্ধন

## অপারেশনাল কার্যক্রম

**উপ-অঞ্চল/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ভিত্তিক জুন-২০১৬ মাসের মামলা ও আসামীর পরিসংখ্যান**

| মেট্রো: উপ-অঞ্চল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় ও গোয়েন্দা কার্যালয়ের নাম | জুন-২০১৬ নিয়মিত | | মোবাইল কোর্ট | | | |
|---|---|---|---|---|---|---|
| | মামলা | আসামী | মামলা | আসামী | মোট মামলা | মোট আসামী |
| ঢাকা মেট্রো: উপ-অঞ্চল | ৭০ | ৮৪ | ৬৫ | ৬৫ | ১৩৫ | ১৪৯ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ঢাকা | ২ | ৪ | ৭ | ৭ | ৯ | ১১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ময়মনসিংহ | ১ | ১ | ২০ | ২০ | ২১ | ২১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ফরিদপুর | ১ | ১ | ১২ | ১২ | ১৩ | ১৩ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, টাঙ্গাইল | ২ | ২ | ১২ | ১২ | ১৪ | ১৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, জামালপুর | ০ | ০ | ১৩ | ১৯ | ১৩ | ১৯ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, গোপালগঞ্জ | ১ | ১ | ২ | ৩ | ৩ | ৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, মাদারীপুর | ০ | ০ | ৩ | ৩ | ৩ | ৩ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, শারীয়তপুর | ০ | ০ | ২ | ২ | ২ | ২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, রাজবাড়ী | ৪ | ৫ | ১৩ | ১৩ | ১৭ | ১৮ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, মানিকগঞ্জ | ১ | ৪ | ৯ | ৯ | ১০ | ১৩ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, মুন্সীগঞ্জ | ৩ | ৩ | ০ | ০ | ৩ | ৩ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, নারায়ণগঞ্জ | ৬ | ৭ | ৫৯ | ৫৯ | ৬৫ | ৬৬ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, নরসিংদী | ১ | ২ | ৭ | ৭ | ৮ | ৯ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, গাজীপুর | ৪ | ৪ | ১১ | ১১ | ১৫ | ১৫ |

| মেট্রো: উপ-অঞ্চল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় ও গোয়েন্দা কার্যালয়ের নাম | জুন-২০১৬ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | নিয়মিত | | মোবাইল কোর্ট | | | |
| | মামলা | আসামী | মামলা | আসামী | মোট মামলা | মোট আসামী |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, শেরপুর | ৩ | ৪ | ২ | ৩ | ৫ | ৭ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, কিশোরগঞ্জ | ৩ | ৩ | ১১ | ১১ | ১৪ | ১৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, নেত্রকোনা | ০ | ০ | ৭ | ৭ | ৭ | ৭ |
| বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা | ১০২ | ১২৫ | ২৫৫ | ২৬৩ | ২৫৭ | ৩৮৮ |
| চট্টগ্রাম মেট্রো: উপ-অঞ্চল | ১২ | ১৬ | ৩৩ | ৩৩ | ৪৫ | ৪৯ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, চট্টগ্রাম | ১ | ২ | ৪ | ৪ | ৫ | ৬ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, নোয়াখালী | ১ | ১ | ১০ | ১০ | ১১ | ১১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, কুমিল্লা | ৫ | ৬ | ১৫ | ১৫ | ২০ | ২১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, কক্সবাজার | ১ | ১ | ১৩ | ১৩ | ১৪ | ১৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, রাঙামাটি | ০ | ০ | ৪ | ৪ | ৪ | ৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, খাগড়াছড়ি | ০ | ০ | ২ | ২ | ২ | ২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, বান্দরবন | ০ | ০ | ১ | ১ | ১ | ১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া | ১২ | ৯ | ১৪ | ১৪ | ২৬ | ২৩ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, চাঁদপুর | ০ | ০ | ৯ | ৯ | ৯ | ৯ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, লক্ষীপুর | ০ | ০ | ৬ | ৬ | ৬ | ৬ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ফেনী | ৩ | ২ | ২ | ২ | ৫ | ৪ |
| বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, চট্টগ্রাম | ৩৭ | ৩৭ | ৯৮ | ৯৮ | ১৩৫ | ১৩৫ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, খুলনা | ৭ | ১০ | ৯ | ৯ | ১৬ | ১৯ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, যশোর | ১৬ | ১৭ | ৪ | ৪ | ২০ | ২১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, কুষ্টিয়া | ১ | ১ | ৬ | ৬ | ৭ | ৭ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, চুয়াডাঙ্গা | ১ | ১ | ৭ | ৭ | ৮ | ৮ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, মেহেরপুর | ০ | ০ | ২ | ২ | ২ | ২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ঝিনাইদহ | ৫ | ৬ | ৬ | ৬ | ১১ | ১২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, মাগুরা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, নড়াইল | ০ | ০ | ২ | ২ | ২ | ২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, সাতক্ষীরা | ১ | ৩ | ১১ | ১১ | ১২ | ১৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, বাগেরহাট | ৩ | ৪ | ৩ | ৩ | ৬ | ৭ |

| মেট্রো: উপ-অঞ্চল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় ও গোয়েন্দা কার্যালয়ের নাম | জুন-২০১৬ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | নিয়মিত | | মোবাইল কোর্ট | | | |
| | মামলা | আসামী | মামলা | আসামী | মোট মামলা | মোট আসামী |
| বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা | ৩৪ | ৪২ | ৫০ | ৫০ | ৮৪ | ৯২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, রাজশাহী | ৪ | ৪ | ২০ | ২০ | ২৪ | ২৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, পাবনা | ৫ | ৪ | ২০ | ২০ | ২৫ | ২৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, বগুড়া | ৯ | ৯ | ১৭ | ১৭ | ২৬ | ২৬ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, রংপুর | ৭ | ৯ | ২০ | ২০ | ২৭ | ২৯ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, দিনাজপুর | ৬ | ৭ | ৫ | ৫ | ১১ | ১২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, পঞ্চগড় | ০ | ০ | ৩ | ৩ | ৩ | ৩ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ঠাকুরগাঁও | ১ | ০ | ১ | ২ | ২ | ২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, নীলফামারী | ১ | ৪ | ৭ | ৭ | ৮ | ১১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, লালমনিরহাট | ০ | ০ | ৮ | ১০ | ৮ | ১০ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, কুড়িগ্রাম | ২ | ৪ | ০ | ০ | ২ | ৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, গাইবান্ধা | ৩ | ৩ | ৭ | ৭ | ১০ | ১০ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, জয়পুরহাট | ৬ | ৬ | ৪ | ৪ | ১০ | ১০ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, সিরাজগঞ্জ | ৩ | ৪ | ৭ | ৭ | ১০ | ১১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, নাটোর | ৩ | ২ | ৮ | ১০ | ১১ | ১২ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, নওগাঁ | ৬ | ৭ | ৭ | ৭ | ১৩ | ১৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ | ৩ | ৩ | ৯ | ৯ | ১২ | ১২ |
| বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, রাজশাহী | ৫৯ | ৬৬ | ১৪৩ | ১৪৮ | ২০২ | ২১৪ |
| বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা | ৪ | ৭ | ০ | ০ | ৪ | ৭ |
| বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, রাজশাহী | ২ | ২ | ৬ | ৬ | ৮ | ৮ |
| বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, চট্টগ্রাম | ৫ | ৫ | ৩ | ৩ | ৮ | ৮ |
| বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, খুলনা | ২ | ২ | ১ | ১ | ৩ | ৩ |
| বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, সিলেট | ০ | ০ | ০ | ০ | | |
| বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, বরিশাল | ০ | ০ | ০ | ০ | | |
| গোয়েন্দা শাখা | ১৩ | ১৬ | ১০ | ১০ | ২৩ | ২৬ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, সিলেট | ৬ | ৬ | ১৫ | ১৫ | ২১ | ২১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, সুনামগঞ্জ | ১ | ১ | ৮ | ৮ | ৯ | ৯ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, মৌলভীবাজার | ৪ | ৫ | ৭ | ৭ | ১১ | ১২ |

| মেট্রোঃ উপ-অঞ্চল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় ও গোয়েন্দা কার্যালয়ের নাম | জুন-২০১৬ নিয়মিত মামলা | নিয়মিত আসামী | মোবাইল কোর্ট মামলা | মোবাইল কোর্ট আসামী | মোট মামলা | মোট আসামী |
|---|---|---|---|---|---|---|
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, হবিগঞ্জ | ১ | ২ | ৭ | ৭ | ৮ | ৯ |
| বিভাগীমাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, সিলেট | ১২ | ১৪ | ৩৭ | ৩৭ | ৪৯ | ৫১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, বরিশাল | ৩ | ৩ | ১ | ১ | ৪ | ৪ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, পটুয়াখালী | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, বরগুনা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ভোলা | ০ | ০ | ১ | ১ | ১ | ১ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, ঝালকাঠি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| জেলামাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, পিরোজপুর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিভাগীমাদকদ্রব্য নিয়ন্ত্রণকার্যালয়, বরিশাল | ৩ | ৩ | ২ | ২ | ৫ | ৫ |
| মোট | ২৩৩ | ২৭১ | ৫২২ | ৫২৭ | ৭৫৫ | ৭৯৮ |

- সবচেয়ে বেশি মামলা দায়ের: ঢাকা মেট্রো উপঅঞ্চল-১৪৯ টি
- সবচেয়ে কম মামলা দায়ের : জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, মাগুরা, ঝালকাঠি, পিরোজপুর, বড়গুনা, পটুয়াখালী, বন্দরবান। বিভাগীয় গোয়েন্দা কার্যালয় সিলেট ও বরিশালে কোন মামলা হয় নি।
- জেসব জেলায় নিয়মিত মামলা হয়নি: জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, রাঙ্গামাটি, চাঁদপুর, লক্ষিপুর মেহেরপুর, নড়াইল পঞ্চগড়, লালমনিরহাট, ভোলা।

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনঃর্বাসন সংশ্লিষ্ট কার্যক্রম

### (জুন '-১৬)

### বেসরকারি মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের সংখ্যা

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চিকিৎসা ও পুনঃর্বাসন অধিশাখা থেকে বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় ও পুনঃর্বাসন কেন্দ্রের লাইসেন্স প্রদান করা হয়ে থাকে। এ পর্যন্ত (মে-২০১৬) মোট ১৬৮টি কেন্দ্রের লাইসেন্স প্রদান করা হয়েছে। জুন-২০১৬ মাসে ৭টি কেন্দ্রের লাইসেন্স প্রদান করা হয়। যা নিম্নে উপস্থাপন করা হলো :

| ক্রঃ নং | লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের প্রধানের পদবী | বেডের সংখ্যা | ফোন নম্বর | অনুমোদনের ইস্যু নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| ১৬৯ | 'শান্তির বন্ধন' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, বাড়ী নং-৩৭, মোল্লাবাড়ী, দক্ষিণখান, উত্তরা, ঢাকা। | জনাব মোঃ জিয়াসিন, ব্যবস্থাপনা পরিচালক | ১০ | ০১৬৭৩১৪৪৩০১ | নং-১৯৩৮ তাং-০১/০৬/১৬ |
| ১৭০ | 'ডি,টি,সি' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মনি কমপ্লেক্স, বিসিক মাসষ্ট্যান্ড, শাহজাদপুর, সিরাজগঞ্জ | জনাব মোঃ কামরুজ্জামান (শাহীন), নির্বাহী পরিচালক | ১০ | ০১৭৫৫৭০১৫৫২ ০১৭৫৫৭০১৫৫৩ | নং-২০৬৪ তাং-০৯/০৬/১৬ |
| ১৭১ | 'প্রশান্তি' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, বাড়ী নং-ই, ১২৮/২ উত্তর ছায়াবিথী, লালমাটি রোড, জয়দেবপুর, গাজীপুর। | জনাব ফজলে আমিন হ্যাপি, চেয়ারম্যান | ১০ | ০০ | নং-২১২৮ তাং-১৩/০৬/১৬ |
| ১৭২ | 'পারাপার' মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ১৫৬/২ কলতান, গনশার মোড়, মাসকান্দা, ময়মনসিংহ। | জনাব মোঃ আমিনুল ইসলাম (খোকন) | ১০ | ০১৭৩১৮৮৩৭৫৯ ০১৬৭০৫৮৫৮৪৩ | নং-২১২৯ তাং-১৩/০৬/১৬ |
| ১৭৩ | 'ক্রিয়া-নোয়াখালী' মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্র, রিয়াজ ম্যানশন, পূর্বববাজার, ফেনী রোড, চৌমহনী, নোয়াখালী। | জনাব তরুন কান্তি গায়েন নির্বাহী পরিচালক | ১৫ | ৭৭৪৪৯৫৯ ০১৭৫৪১০৭০৬৭ | নং-২১৯৪ তাং-১৬/০৬/১৬ |
| ১৭৪ | 'আস্থা' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, দক্ষিণ কাচারীপাড়া (ফিসারী মোড়), জামালপুর। | জনাব মোঃ হেলাল উদ্দিন নির্বাহী পরিচালক। | ১০ | ০১৭৯০০২৮৯৩৯ ০১৭১২৬৮৬৩৬৭ | নং-২৪৮৩ তাং-২৯/০৬/১৬ |
| ১৭৫ | 'ব্রেইন এন্ড মাইন্ড হসপিটাল (প্রাঃ) লিঃ' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ১৪৯/এ, মনিপুরীপাড়া, এয়ারপোর্ট রোড, বাতুশ শরফ মসজিদ কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা। | জনাব মোঃ মাহবুবুল আলম ব্যবস্থাপনা পরিচালক | ২০ | ৯১১৮৯০১ ০১৮১১৯৯৯০৬১ | নং-২৪৮৪ তাং-২৯/০৬/১৬ |

### সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের জুন ২০১৬ মাসের প্রতিবেদন

| কেন্দ্রের নাম | চিকিৎসা সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা আন্তঃবিভাগ পুরুষ | আন্তঃবিভাগ মহিলা | বহিঃবিভাগ পুরুষ | বহিঃবিভাগ মহিলা | মোট | নতুন | পুরাতন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা | ৩৪ | ১ | ১১৪ | ০ | ১৪৯ | ৮৩ | ৩১ | |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | ০ | ০ | ০ | ০ | ০ | - | ০ | |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা | ৫ | ০ | ৬ | ০ | ১১ | ১১ | ০ | |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা | ৭ | - | ৭৯ | ১১ | ৯৭ | ৬৬ | ৩১ | |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| মোট | ৪৬ | ১ | ১৯৯ | ১১ | ২৫৭ | ১৬০ | ৬২ | |

### বেসরকারি লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় ও পুনঃর্বাসন কেন্দ্রের জুন'-১৬ মাসের প্রতিবেদন

| জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস/ মেট্রোঃ উপ-অঞ্চল | কেন্দ্রের মোট সংখ্যা | কেন্দ্রসমূহের মোট বেড সংখ্যা | প্রতিবেদন প্রাপ্ত কেন্দ্রের সংখ্যা | বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা | বিবেচ্য মাসে কেন্দ্রে ভর্তি রোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ঢাকা মেট্রোঃ উপ অঞ্চল | ৪৯ | ৬৯৫ | ৪১ | ৪৮৮ | ২২১ |
| ঢাকা জেলা | ৩ | ৩০ | ৩ | ৬২ | ২৫ |
| নারায়ণগঞ্জ | ৪ | ৪০ | ০ | ০ | ০ |
| মানিকগঞ্জ | ২ | ২০ | ০ | ০ | ০ |
| গাজীপুর | ১২ | ১২০ | ১০ | ১৩৭ | ৬৭ |
| ময়মনসিংহ | ৯ | ৯০ | ৭ | ৪০ | ৩৩ |
| নেত্রকোনা | ১ | ১০ | ১ | ১১ | ৪ |
| শেরপুর | ১ | ১০ | ১ | ১১ | ৫ |

| জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস/ মেট্রোঃ উপ-অঞ্চল | কেন্দ্রের মোট সংখ্যা | কেন্দ্রসমূহের মোট বেড সংখ্যা | প্রতিবেদন প্রাপ্ত কেন্দ্রের সংখ্যা | বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা | বিবেচ্য মাসে কেন্দ্রে ভর্তি রোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| টাংগাইল | ৩ | ৩০ | ৩ | ২৯ | ৭ |
| জামালপুর | ৪ | ৪০ | ০ | ০ | ০ |
| ফরিদপুর | ৩ | ৩০ | ৩ | ১৯ | ১০ |
| নরসিংদী | ২ | ২০ | ০ | ০ | ০ |
| রাজবাড়ী জেলা | ১ | ১০ | ০ | ০ | ০ |
| কিশোরগঞ্জ | ২ | ২০ | ২ | ১৭ | ৬ |
| চট্টগ্রাম মেট্রো | ১১ | ১৫০ | ৯ | ১১০ | ২৬ |
| চট্টগ্রাম জেলা | ২ | ২০ | ০ | ০ | ০ |
| কক্সবাজার জেলা | ১ | ১০ | ০ | ০ | ০ |
| নোয়াখালী | ১ | ১৫ | ০ | ০ | ০ |
| ফেনী | ৪ | ৪০ | ৪ | ৩৮ | ১২ |
| কুমিল্লা | ৬ | ৬০ | ৫ | ৪৯ | ৫২ |
| ব্রাহ্মনবাড়ীয়া | ১ | ১০ | ০ | ০ | ০ |
| রাজশাহী জেলা | ৪ | ৫০ | ৪ | ৫৩ | ২৪ |
| বগুড়া | ১০ | ১০০ | ১০ | ৮৫ | ৪৪ |
| জয়পুরহাট | ৩ | ৩০ | ৩ | ২৮ | ১৬ |
| সিরাজগঞ্জ | ১ | ১০ | ০ | ০ | ০ |
| পাবনা | ১ | ১০ | ০ | ০ | ০ |
| নওগাঁ | ৬ | ৬০ | ৬ | ৬৫ | ১৭ |
| খুলনা | ৪ | ৫৫ | ৪ | ৪৬ | ৩৪ |
| কুষ্টিয়া | ২ | ২০ | ১ | ২০ | ১০ |
| যশোর | ১ | ১০ | ১ | ৩২ | ১১ |
| চুয়াডাঙ্গা | ১ | ১০ | ১ | ৯ | ৯ |
| সাতক্ষীরা | ১ | ১০ | ১ | ৯ | ২ |
| বরিশাল | ২ | ৩০ | ১ | ৯ | ৫ |
| সিলেট | ৮ | ৯০ | ৪ | ৫০ | ৩১ |
| হবিগঞ্জ | ১ | ১০ | ১ | ১০ | ৬ |
| মৌলভী বাজার | ২ | ২০ | ২ | ১৯ | ৮ |
| রংপুর | ৪ | ৪০ | ৪ | ২৮ | ২৭ |
| দিনাজপুর | ২ | ২০ | ২ | ১৮ | ১৫ |
| মোট | ১৭৫ | ২০৪৫ | ১৩৪ | ১৪৯২ | ৭২৭ |

## প্রশাসন অধিশাখার কার্যক্রম

### রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্সের মাধ্যমে প্রত্যক্ষভাবে রাজস্ব আদায় করা হয়। এছাড়া বিদেশ থেকে আমদানিকৃত বিভিন্ন প্রিকারসর কেমিক্যালসের মাধ্যমে আমদানি, সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানি উৎপাদন ও প্রক্রিয়াজতকরণ, খুচরা বিক্রয় এবং ব্যবহারের লাইসেন্স ফি থেকেও রাজস্ব আদায় করা হয়। অধিদপ্তরের বিভিন্ন অঞ্চল হতে জুন' ২০১৫ এবং জুন' ২০১৬ সাল পর্যন্ত মাসভিত্তিক আদায়কৃত রাজস্বের তুলনামুলক বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | অঞ্চলের নাম | জুন' ২০১৫ | জুন' ২০১৬ |
|---|---|---|---|
| ১। | ঢাকা অঞ্চল | ৩,৩৫,১৬,০৪৮ | ২,৯৮,৮৩,৩৩০ |
| ২। | সিলেট অঞ্চল | ৭৩,৬৫,৩০১ | ৭৯,৭৯,৪৯২ |
| ৩। | চট্টগ্রাম অঞ্চল | ১,৩০,৬৪,৪৭৪ | ৯৫,৮১,৯৭৩ |
| ৪। | খুলনা অঞ্চল | ২,২১,০৯,৫৫৩ | ৩,১০,৭১,৭৪৮ |
| ৫। | বরিশাল অঞ্চল | ১৯,১৭,৩৬০ | ২০,২৪,৬০০ |
| ৬। | রাজশাহী অঞ্চল | ১,৪৪,৩৪,৭৫৪ | ১,৭০,৯০,১৮১ |
| | মোট | ৯,২৪,০৭,৪৯০ | ৯,৭৬,৩১,৩২৪ |

## প্রিকারসর কেমিক্যালস আমদানি সংক্রান্ত বিবরণী

| প্রিকারসর কেমিক্যালের নাম | বার্ষিক কোটা | জুন' ২০১৬ |
|---|---|---|
| টলুইন | ১২,৭৬৮.৫০ মেঃটঃ | ৪৩৩.২১৭ মেঃটঃ |
| এ্যাসিটিক এনহাইড্রাইড | ২,৫৬৬ মেঃটঃ | ১২৪.৮ মেঃটঃ |
| এ্যাসিটোন | ৫,৮৮৬.৯৯ মেঃটঃ | ২৬.২৪ মেঃটঃ |
| মিথাইল ইথাইল কিটোন | ৪,১৮৪.৫৬ মেঃটঃ | ১২৬.৩৯ মেঃটঃ |
| পটাশিয়াম পারম্যাংগানেট | ২,০৪৫ মেঃটঃ | ৬৮মেঃটঃ |
| সিউডোএফিড্রিন | ৪৯,০২১ কেজি | ৭৬৫ কেজি |

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রশাসন শাখা)

## সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানি সংক্রান্ত বিবরণী

| প্রতিষ্ঠানের নাম | এ্যালপ্রাজোলাম | ব্রোমাজিপাম | কোবাজাম | কোনাজিপাম | মিডাজোলাম |
|---|---|---|---|---|---|
| অপসোনিন ফার্মাঃ লিঃ | ১০ কেজি | ৭০ কেজি | - | ৩০ কেজি | - |
| বেক্সিমকো ফার্মাঃ লিঃ | ১২.১৩ কেজি | - | ৫০ কেজি | - | - |
| রেডিয়েন্ট ফার্মাঃ লিঃ | - | ২৫ কেজি | - | - | - |
| র‍্যাংগস ফার্মাঃ লিঃ | - | - | - | ৫ কেজি | - |
| জুলফার বাংলাদেশ লিঃ | - | - | - | ৭.৮১৫ কেজি | - |
| এশিয়াটিক ল্যাবরেটরীজ লিঃ | - | - | - | ১০ কেজি | ১৫ কেজি (মেলিয়েট) |

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রশাসন শাখা)

## রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিজিবি, কাস্টমস, র‍্যাব ও সিআইডিসহ সকল আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহার্য বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রিকারসর কেমিক্যালস এর রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়। জুন'-২০১৬ মাসের রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান :

## রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান

| অঞ্চলের/ সংস্থা নাম | জুন/২০১৬ মাসে গৃহিত | রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ | | | পেন্ডিং/ স্থগিত |
|---|---|---|---|---|---|
| | নমুনার সংখ্যা | পজিটিভ | নেগেটিভ | মোট | -- |
| ঢাকা অঞ্চল | ১১৫ | ১১৪ | -- | ১১৪ | ০৮ |
| চট্টগ্রাম অঞ্চল | ৬৫ | ৬৫ | -- | ৬৫ | ০৫ |
| রাজশাহী অঞ্চল | ৬৭ | ৬৮ | -- | ৬৮ | ০৫ |
| খুলনা অঞ্চল | ৬৭ | ৭৪ | -- | ৭৪ | -- |
| বাংলাদেশ পুলিশ | ৪২৪৬ | ৪০৬৯ | -- | ৪০৬৯ | ৩১৩ |
| বিজিবি | -- | -- | -- | -- | -- |
| র‍্যাব | -- | -- | -- | -- | -- |
| সিআইডি | -- | -- | -- | -- | -- |
| রেলওয়ে পুলিশ | ৩৫ | ৩৫ | -- | ৩৫ | -- |
| অন্যান্য সংস্থা সিআইডি | ০৫ | ০৫ | -- | ০৫ | -- |
| মোট | ৪৬০০ | ৪৪৩০ | -- | ৪৪৩০ | ৩৩১ |

*(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার)*

## অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর

| নাম/পদবী/কর্মস্থল | সময়সীমা |
|---|---|
| জনাব আবুল মনসুর আহম্মদ<br>উপ পরিদর্শক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নেত্রকোনা | ১৬/০৬/২০১৬-১৫/০৬/২০১৬ |

আমাদের অঙ্গীকার
মাদকমুক্ত পরিবার

নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ কর্তৃক প্রকাশিত।
ফোন: ০২-৮৮৭০০১১, ফ্যাক্স: ০২-৮৮৭০০১০, ই-মেইল: dgdncbd@gmail.com ওয়েবসাইট: www.dnc.gov.com